# নিউরোসায়েন্সেস হাসপাতালে নতুন ভবন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী




ছবি: সংগৃহীত

রাজধানীর ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালে নতুন ১৫ তলা ভবনের উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ভবনটিতে ৫০০টি শয্যার ব্যবস্থা রয়েছে। এটি চালুর পর হাসপাতালটির মোট শয্যা সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১ হাজারে।

শনিবার (১৫ আগস্ট) সকাল ১০টার দিকে হাসপাতাল প্রাঙ্গণে নতুন ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। অনুষ্ঠানের শুরুতে তিনি হাসপাতাল চত্বরে একটি গাছের চারা রোপণ করেন। পরে মোনাজাতে অংশ নেন এবং বেলুন ও পায়রা উড়িয়ে ভবনটির কার্যক্রমের উদ্বোধন করেন।

২০১২ সালে ১০ তলা ভবনে ৩০০ শয্যা নিয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতালে চিকিৎসাসেবা শুরু হয়। রোগীর সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে পরবর্তী সময়ে আরও ২০০টি শয্যা যুক্ত করা হয়। সর্বশেষ ১৫ তলা নতুন ভবনের মাধ্যমে হাসপাতালটিতে আরও ৫০০ শয্যা যোগ হয়েছে।

নতুন অবকাঠামোর ফলে হাসপাতালটির চিকিৎসাসেবা দেওয়ার সক্ষমতা বাড়বে এবং অতিরিক্ত রোগীর চাপ সামলানো সহজ হবে বলে সংশ্লিষ্টরা আশা করছেন।

LENS ASIA